উপজেলা পরিষদ কার্যালয়
কোম্পানীগঞ্জ, সিলেট।

**অক্টোবর,-২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী ঃ-**

সভাপতি ঃ মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার তারিখ ঃ ৩১ অক্টোবর,২০২১খ্রিঃ সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভার স্থান ঃ ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী ও অদ্যকার সভার আলোচ্য সূচিপাঠ করার জন্য সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ীকমিটি, কোম্পানীগঞ্জ, সিলেট কে আহ্বান করেন।

সভাপতির নির্দেশক্রমে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ীকমিটি, কোম্পানীগঞ্জ, সিলেট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে সকলকে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নরূপ আলোচ্য সূচির আলোকে পার্শ্বে বর্ণিত সুপারিশ সমুহ সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও সদস্য সচিব, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি,তিনি অদ্যকার সভায় জানান যে, জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (জাইকা) এর সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পটি অত্র উপজেলায় বাস্তবায়নের কাজ শুরু করেছে ।<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ- প্রকল্প (অবকাঠামো উন্নয়ন) প্রস্তাব প্রণয়ন ও প্রেরণের জন্য উপজেলা পরিষদ থেকে জানানো হয়েছে । | কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন লাইন ও আনুসাঙ্গিক সরঞ্জমাদি সরবরাহ উপ প্রকল্পটি উপজেলা যাচাই বাছাই কমিটিতে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সভাপতি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি, কোম্পানীগঞ্জ, সিলেট।<br>খ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি, কোম্পানীগঞ্জ, সিলেট । |

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জনাবা আয়শা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
ও
সভাপতি
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি।
উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।

স্মারকনং- উস্বাক/কোম্পানী/২০২১/৭৮৯

তারিখঃ ৩১-১০-২০২১খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট
০২. উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট
০৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট
০৪. অফিস কপি।

31/10/2021
(ডাঃ মোহাম্মদ কামরুজ্জামান)
উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
ও
সদস্য সচিব
স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি।
কোম্পানীগঞ্জ, সিলেট।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ**

| ক্রমিক | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাবা আয়শা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কোম্পানীগঞ্জ, সিলেট। | সভাপতি | |
| ০২ | জনাবা মাকসুদা ইয়াসমিন | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। | সম্মানিত সদস্য | |
| ০৩ | জনাব বাবুল মিয়া | চেয়ারম্যান ইসলামপুর পুর্ব, কোম্পানীগঞ্জ, সিলেট। | সম্মানিত সদস্য | |
| ০৪ | জনাব অখিল চন্দ্র | কালাইরাগ কোম্পানীগঞ্জ, সিলেট। | সম্মানিত সদস্য | |
| ০৫ | ডাঃ মোহাম্মদ কামরুজ্জামান | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা। | সদস্য সচিব | |

## উপজেলা পরিষদ
## কোম্পানীগঞ্জ, সিলেট।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব আয়শা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভার তারিখ ও সময়ঃ ০৮/০৯/২০২০ খ্রিস্টাব্দ, বেলা- ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যঃ পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর আলোচ্য মোতাবেক নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | মহিলা ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ সভাকে জানান যে, উপজেলার বিভিন্ন ইউনিয়নে মা সমাবেশ করার প্রতি গুরুত্ব দেয়া প্রয়োজন। মা সমাবেশের মাধ্যমে মায়েরা গর্ভবর্তীকালীন সময়ে করণীয় বিষয়গুলো সম্পর্কে জানতে পারবে। | উপজেলা স্বাস্থ্য বিভাগের মাধ্যমে বিভিন্ন ইউনিয়নে মা সমাবেশের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেল স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভাকে জানান যে, অত্র হাসপাতালে চিকিৎসার মান অনেক ভাল। ডাক্তারদের স্বল্পতার কারনে অনেক সময় চিকিৎসা সেবায় কিছুটা সমস্যা হয়। তাই শূন্য পদ গুলোতে আরো ডাক্তার পদায়ন হলে সেবার মান আরো বৃদ্ধি পাবে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জনবল বৃদ্ধির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে পত্র আদান প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, সিলেট। |

০৮/০৯/২০২০

(আয়শা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, সিলেট।
ও সভাপতি
উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটি

তারিখ: ০৮/০৯/২০২০ খ্রি:

স্মারক নং- ৮২৩

অনুলিপি: সদয় অবগতির জন্য।
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।
২। উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট।
৩। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,কোম্পানীগঞ্জ, সিলেট।
৪।চেয়ারম্যান.........................................ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, সিলেট।

৮/০৯/২০২০
উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা
কোম্পানীগঞ্জ, সিলেট।